

সুখে আমায় রাখবে কেন, রাখো তোমার কোলে ।
 যাক-না গো সুখ জ্বলে ॥
 যাক-না পায়ের তলার মাটি, তুমি তখন ধরবে আঁটি—
 তুলে নিয়ে দুলাবে ওই বাহুদোলার দোলে ॥
 যেখানে ঘর বাঁধব আমি আসে আসুক বান—
 তুমি যদি ভাসাও মোরে চাই নে পরিত্রাণ ।
 হার মেনেছি, মিটেছে ভয়— তোমার জয় তো আমারি জয়
 ধরা দেব, তোমায় আমি ধরব যে তাই হলে ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Behag

Visit www.geetabitan.com for notation and other detail